প্রেস প্রকাশনী PRESS RELEASE

**কম্যুনিকেশন বিভাগ,** কেন্দ্রীয় কার্যালয়,এস.বি.এস মার্গ,মুম্বাই-

**DEPARTMENT OF COMMUNICATION,** Central Office,S.B.S.Marg,Mumbai-400 001

ফোন/ Phone: 9122 22660502 ফ্যাক্স /Fax; 91 22 22660358

**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**

**RESERVE BANK OF INDIA**

ওয়েবসাইট: www.rbi.org.in

ই-মেল Email: helpdoc@rbi.org.in

তারিখঃ আগস্ট 04, 2016

## অবৈধ আমানত সংগ্রহের উপর রাশ টানতে আর বি আই গভর্ণর "সচেত" ওয়েবসাইট চালু করলেন

"দোষী সংস্থাগুলির কর্মপদ্ধতির সম্বন্ধে প্রতিক্রিয়া ভিত্তিক দ্রুত অনুসন্ধান এবং সংস্থাগুলিকে দন্ডদানের মাধ্যমে যুক্তিগ্রাহ্য সিদ্ধান্তে পৌঁছান হল তাদের ভবিষ্যতে বেআইনী কাজকর্ম থেকে বিরত রাখার সবচেয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ।আমি আশা করি "সচেত" নিয়ন্ত্রণকারী কতৃপক্ষদের এই কাজে সহায়তা করবে, তৎসহ সাধারণ জনগণকে সঠিক অর্থনৈতিক সংস্থা সম্পর্কে সময়মত খবর প্রদান করে তাঁদের কষ্টার্জিত অর্থ আসল (প্রকৃত) সংস্থাতে জমা করতে সাহায্য করবে।"

"সচেত" ওয়েবসাইট যার মাধ্যমে সাধারণ জনগণ সেই সব সংস্থা সম্পর্কে তথ্য পাবেন যেগুলি আমানত জমা নেওয়ার জন্য অনুমোদিত, এবং সেইসব নীতিহীন সংস্থা যেগুলি অবৈধভাবে আমানত সংগ্রহ করছে তাদের বিরুদ্ধে অভিযোগ নথিভুক্ত করতে পারবেন এবং তাদের সম্পর্কে তথ্য আদান প্রদান করতে পারবেন, সেই ওয়েবসাইটটি চালু করার সময় ভারতীয় রিজার্ভ ব্যাংকের গভর্ণর ড. রঘুরাম জি .রাজন এই কথা বলেন। এই ওয়েবসাইট, নিয়ন্ত্রণকারী কতৃপক্ষ এবং রাজ্য সরকারী সংস্থার পরস্পরিক সমন্বয় বৃদ্ধি করতেও সাহায্য করবে এবং এইভাবে নীতিহীন সংস্থাগুলির অবৈধভাবে বাজার থেকে আমানত নেওয়ার ( টাকা তোলার) উপর রাশ টানতে পারবে । গভর্ণর , রাজ্য স্তরীয় সমন্বয় সমিতি ( SLCC) গুলির পুনরুজ্জীবনের জন্য সেবি (SEBI) চেয়ারম্যান , শ্রী ইউ . কে . সিনহা এবং রাজ্যগুলির মুখ্য সচিবদের ভূমিকার ও প্রশংসা করেন।

এই ওয়েবসাইটের URL www.sachet.rbi.org.in

এই ওয়েবসাইটের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে গিয়ে ডেপুটী গভর্ণর শ্রী এস.এস. মুন্দ্রা বলেন যে সাধারণ জনগণ এই ওয়েবসাইটের মাধ্যমে যাচাই করে নিতে পারবেন যে কোন একটি সংস্থা যেটি জনসাধারণের কাছ থেকে আমানত গ্রহণ করতে চাইছে সেটি কোন নিয়ন্ত্রণকারী কতৃপক্ষের সঙ্গে পঞ্জীকৃত কিনা এবং ওই সংস্থাটির জনসাধারণের কাছ থেকে অর্থ গ্রহণ করার অনুমতি পেয়েছে কিনা।এই ওয়েবসাইট আর্থিক নিয়ন্ত্রণকারী কতৃপক্ষগুলির নির্দেশিত নিয়ন্ত্রণ বিধি যা বিভিন্ন সংস্থাকে মেনে চলতে হবে সেগুলিকেও অন্তর্ভূক্ত করেছে। এছাড়াও, যদি কোন সংস্থা অবৈধভাবে সাধারণ জনগনের কাছ থেকে আমানত গ্রহণ করে থাকে এবং / অথবা জমা করা অর্থ ফেরত দিতে অক্ষমতা প্রকাশ করে তবে এই ওয়েবসাইটের মাধ্যমে সাধারণ জনগণ তাদের অভিযোগ নথিভুক্ত করতে বা আগে থেকে দায়ের করা অভিযোগের বিদ্যমান অবস্থা সম্পর্কে খোঁজ খবর নিতে পারেন ।এই পোর্টালে তাঁরা এইরকম সমস্ত সংস্থা সম্পর্কিত তথ্য আদান প্রদান করতে পারেন ।

এই ওয়েবসাইটে রাজ্য স্তরীয় সমন্বয় সমিতি ( SLCC) গুলির সদস্যদের নিয়ে একটি নির্দিষ্ট সংবদ্ধ ব্যবহারকারীদের জন্য গঠিত বিভাগ রয়েছে যেখানে সদস্যরা তাদের কাজকর্মের সঙ্গে সম্পর্কিত বাজার লব্ধ তত্ব-তালাশ ( মার্কেট ইন্ট্যালিজেন্স) এবং অন্যান্য সংবাদ , ততসহ তাদের সভার আলোচ্যসূচী ও কার্যবিবিরণী, ততক্ষণাৎ, সারা দেশব্যাপী আদান প্রদান করতে পারবেন। শ্রী মুন্দ্রা আশা প্রকাশ করেন যে এই ওয়েবসাইটটি অবৈধভাবে বাজার থেকে আমানত গ্রহণ করার (টাকা তোলার ) ক্ষতিকর কাজের উপর রাশ টানতে রাজ্য স্তরীয় সমন্বয় সমিতি ( SLCC) গুলির কাজকর্মে একটি "

বর্ধিত শক্তি" ( ফোর্স মাল্টিপ্লায়ার) হিসাবে কাজ করবে এবং এর উপযোগিতাকে আরও কার্যকরী ও সুদুরপ্রসারী করতে ভূমিকা পালন করবে।

শ্রী এস. রামণ, SEBI-এর পূর্ণ সময়ের সদস্য, ওয়েবসাইটটি চালু করার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। শ্রী রামণ এই ওয়েবসাইটটি চালুর করার প্রচেষ্টাকে সাধুবাদ জানান এবং বলেন যে নীতিহীন সংস্থাগুলির জনসাধারণের কাছ থেকে অবৈধভাবে আমানত গ্রহণ করাকে প্রতিহত করতে এবং শিক্ষামূলক সচেতনতা সৃষ্টিতে ওয়েবসাইটটি একটি বাড়তি মাত্রা যোগ করার জন্য উপযোগী ভূমিকা পালন করবে। অন্যান্য নিয়ন্ত্রণকারী কতৃপক্ষ যথা IRDA, রাজ্য সরকারগুলির প্রতিনিধিরা ওয়েবসাইটটি চালু করার অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যোগদান করেন। রাজ্যগুলির মুখ্যসচিবরা যাঁরা ভিডিও কনফারেন্সের মাধ্যমে ওয়েবসাইটটি চালু করার অনুষ্ঠানে যোগদান করেন তাঁরা এই পদক্ষেপকে স্বাগত জানান এবং বলেন যে এই ওয়েবসাইট আন্ত: সংস্থা সমন্বয় নিশ্চিত করার কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই ওয়েবসাইটের প্রধান বৈশিষ্ট্য প্রদর্শনের জন্য একটি সংক্ষিপ্ত কার্যপদ্ধতি চিত্র অনুষ্ঠানে দেখানো হয়।

## পটভূমি

সমস্ত রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের রাজ্য স্তরীয় সমন্বয় সমিতি(এসএলসিসি) আছে। বিবিধ নিয়ন্ত্রনকারী সংস্থা যেমন ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক(আরবিআই), সিক্যুরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া(সেবি), ন্যাশনাল হাউজিং ব্যাঙ্ক(এনএইচবি), ইনস্যুরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি(আইআরডিএ), রেজিস্ট্রার অফ কোম্পানিজ(আরওসি) এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারি দপ্তর, যেমন, স্বরাষ্ট্র দপ্তর, অর্থ দপ্তর, আইন দপ্তর এবং বিভিন্ন পুলিশ কর্তৃপক্ষ- এঁদের সদস্য নিয়ে এসএলসিসি গঠিত হয়। 2014 সালে প্রত্যেক রাজ্যে অনুমোদনহীণ আমানত সংগ্রহের উপর নজর রাখতে এসএলসিসি পুনর্গঠিত হয় এবং তারা অধিকতর নৈমিত্তিক ভিত্তিতে সংশ্লিষ্ট রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের(ইউ টি) মূখ্য সচিব/প্রশাসকদের সভাপতিত্বে নিয়ন্ত্রক সংস্থাগুলির এবং রাজ্যের বরিষ্ঠ স্তরীয় পদস্থ কর্মীদের যোগদান মারফত বৈঠকে বসেন। এইসকল সংস্থার শীর্ষস্থানীয় আধিকারিকগণের যোগদানের ভিত্তিতে নিত্যনৈমিত্তিক ভাবে, যেসকল অনুমোদনহীণ সংস্থা আমানত সংগ্রহকার্যে জড়িত তাদের বিষয়ে তথ্য আদানপ্রদান করতে এবং যথাসময়ে তাদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করতে, এসএলসিসি-র বৈঠক বসে।

প্রেসপ্রকাশনীঃ 2016-2017/312

অল্পনা কিল্লাওয়ালা
প্রধান উপদেষ্টা